গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৫১/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ৩ ফেব্রুয়ারি ২০১৯, ২১ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাজনীতিকদের সম্মানে প্রধানমন্ত্রীর চা-চক্র
২। নির্বাচন ছাড়া কোনো রাজনৈতিক দলের স্বাভাবিক অস্তিত্ব থাকে না : সেতুমন্ত্রী
৩। কৃষিতে ভর্তুকি আরও বাড়াতে হবে : কৃষিমন্ত্রী
৪। সম্ভাবনার বাংলাদেশ সৃষ্টিতে বড় বাধা মাদক : স্বরাষ্ট্রমন্ত্রী
৫। বিএনপি'র পুনর্নির্বাচনের দাবি শিশুসুলভ : তথ্যমন্ত্রী
৬। স্বাস্থ্যসেবার গুণগত মান নিশ্চিত করতে হবে : এলজিআরডি মন্ত্রী
৭। সারাদেশে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু
৮। এসএসসি পরীক্ষায় কোনোভাবেই প্রশ্নফাঁস সম্ভব নয় : পরীক্ষাকেন্দ্র পরিদর্শনশেষে শিক্ষামন্ত্রী
৯। মানবসম্পদকে সঠিকভাবে কাজে লাগাতে হবে : পররাষ্ট্রমন্ত্রী
১০। রিজার্ভের চুরি যাওয়া অর্থ উদ্ধারে বাংলাদেশ আশাবাদী : পরিকল্পনামন্ত্রী
১১। নিরাপদ খাদ্য নিশ্চিত করতে হবে পরিবার থেকেই : খাদ্যমন্ত্রী
১২। কর্ণফুলী নদীর দুই পাশে থাকা একটিও অবৈধ স্থাপনা থাকবে না : ভূমিমন্ত্রী
১৩। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের চুরি যাওয়া অর্থের হদিস জানা আছে : গভর্নর
১৪। গত এক দশকে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি ও প্রবৃদ্ধি ছিল অসাধারণ : ইইউ রাষ্ট্রদূত
১৫। ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে পাঁচজনের মনোনয়ন বৈধ
১৬। পঞ্চম উপজেলা নির্বাচনের প্রথম ধাপের তফসিল ঘোষণা আজ, ভোট আগামী ১০ মার্চ

চলমান পাতা-২

১। **রাজনীতিকদের সম্মানে প্রধানমন্ত্রীর চা-চক্র**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিগত জাতীয় নির্বাচনের পূর্বে রাজনৈতিক সংলাপে অংশগ্রহণকারী বিভিন্ন রাজনৈতিক দল, জোট এবং সংগঠনের নেতৃবৃন্দের সম্মানে এক চা-চক্রের আয়োজন করেন। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) গণভবনে আয়োজিত এ চা-চক্রে আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। প্রধানমন্ত্রী বিকেল ৪টা ১০ মিনিটে চা-চক্রের অনুষ্ঠানস্থলে আসেন এবং বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। পরে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের প্রধানমন্ত্রী এবং আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে চা-চক্রে যোগদানকারী বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দকে ধন্যবাদ জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২)।

২। **নির্বাচন ছাড়া কোনো রাজনৈতিক দলের স্বাভাবিক অস্তিত্ব থাকে না : সেতুমন্ত্রী**

সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার জন্য বিএনপি দেশে-বিদেশে চিঠি দিয়েও চরমভাবে ব্যর্থ হয়েছে। দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করে বিএনপি বিদেশি বন্ধুদের হারিয়েছে, দেশের মানুষের আস্থাও নষ্ট করেছে। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে কাঁচপুর দ্বিতীয় সেতুর নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শনশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। আসন্ন উপজেলা নির্বাচনে বিএনপি'র অংশগ্রহণ প্রসঙ্গে মন্ত্রী বলেন, তারা নির্বাচনে অংশ নেবে কিনা, সেটা তাদের ব্যাপার। নির্বাচন ছাড়া কোনো রাজনৈতিক দলের স্বাভাবিক অস্তিত্ব থাকে না। মন্ত্রী জানান, কাঁচপুর দ্বিতীয় সেতুর নির্মাণকাজ প্রায় শতভাগ শেষ। এছাড়া মেঘনা ও গোমতী সেতুর ৮৫ ভাগ কাজ শেষ হয়েছে। আগামী মার্চে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাঁচপুর দ্বিতীয় সেতুর উদ্বোধন করবেন। অপর দু'টি সেতু আগামী জুন-জুলাইয়ে উদ্বোধনের সম্ভাবনা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৩। **কৃষিতে ভর্তুকি আরও বাড়াতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে ভর্তুকি আরও বাড়ানোর পক্ষে মত দিয়েছেন কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক। তিনি বলেন, কৃষিতে ভর্তুকি আরও বাড়াতে হবে। কারণ, বর্তমানে কৃষিশ্রমিকের সংকট রয়েছে। আর উৎপাদনের ক্ষেত্রে শ্রমিকের খরচই সবচেয়ে বেশি। ফলে আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহারের বিকল্প নেই। কৃষক পর্যায়ে আধুনিক যন্ত্রের প্রসার ঘটাতে আরও বেশি ভর্তুকির প্রয়োজন। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

৪। **সম্ভাবনার বাংলাদেশ সৃষ্টিতে বড় বাধা মাদক : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সম্ভাবনার বাংলাদেশ সৃষ্টিতে বড় বাধা মাদক। মাদক নির্মূলে যা যা করণীয় সরকার তা করবে। আমাদের দেশে মাদক তৈরি হয় না, কিছু সংখ্যক অসাধু ব্যক্তি মাদক চোরাচালানে জড়িত। তিনি মাদকের বিরুদ্ধে যথাযথ ভূমিকা পালন করার জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর অফিসার্স ক্লাবে সালাম স্টিল কনকাস্ট রি-রোলিং মিলস্ লি ইউনিট-২ এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে ব্যবসায়ীদের উদ্দেশে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, ব্যবসায়ীরা যাতে নিশ্চিন্তে ও নিরাপদ পরিবেশে ব্যবসা করতে পারেন সে ধরনের পরিবেশ সৃষ্টিতে সরকার বদ্ধপরিকর। সূত্র- **সমকাল** (পৃ.৩,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.৩)।

৫। **বিএনপি'র পুনর্নির্বাচনের দাবি শিশুসুলভ : তথ্যমন্ত্রী**

বিএনপি'র পুনর্নির্বাচনের দাবিকে শিশুসুলভ আবদার বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে আবুধাবি বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ইফতেখার হোসেন বাবুলের সংবর্ধনা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। ইতিবাচক রাজনীতি করার মাধ্যমে পাঁচ বছর পর আবার নির্বাচনের প্রস্তুতি নেওয়ার জন্য বিএনপি'র প্রতি আহ্বান জানিয়ে

তথ্যমন্ত্রী বলেন, ২০১৪ সালের নির্বাচনের পর সরকার পাঁচ বছর সফলভাবেই দেশ পরিচালনা করেছে। ২০১৮ সালের নির্বাচনের পরও আগামী পাঁচ বছর সরকার দেশ পরিচালনা করবে। পাঁচ বছর পর আবার নির্বাচন হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

**৬। স্বাস্থ্যসেবার গুণগত মান নিশ্চিত করতে হবে : এলজিআরডি মন্ত্রী**

গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম কুমিল্লার লাকসামে সরকারি স্বাস্থ্য কমপ্লেক্স, বিভিন্ন বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক মালিকদের উদ্দেশে বলেন, স্বাস্থ্যসেবার গুণগত মান নিশ্চিত করতে হবে। রোগীদের চিকিৎসা ব্যয় ও পরীক্ষা-নিরীক্ষা ফি কমাতে হবে, যাতে তারা কম খরচে চিকিৎসাসেবা নিতে পারে। তিনি গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) লাকসাম পৌর হল রুমে বক্তব্য দিতে গিয়ে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ,১৫,ক.৬)।

**৭। সারাদেশে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু**

গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) সারাদেশে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা **২১** লাখ **৩৫** হাজার **৩৩৩** জন। এর মধ্যে ছাত্র **১০** লাখ **৭০** হাজার **৪১১** জন এবং ছাত্রী **১০** লাখ **৬৪** হাজার **৮৯২** জন। সারাদেশে **২৮** হাজার **৬৮২**টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের **৩** হাজার **৪৯৭**টি কেন্দ্রে পরীক্ষার আয়োজন করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৮। এসএসসি পরীক্ষায় কোনোভাবেই প্রশ্নফাঁস সম্ভব নয় : পরীক্ষাকেন্দ্র পরিদর্শনশেষে শিক্ষামন্ত্রী**

এসএসসি পরীক্ষায় কোনোভাবেই প্রশ্নফাঁস করা সম্ভব নয়। দেশের কোথাও কেউ প্রশ্নফাঁসের অপচেষ্টার সঙ্গে যুক্ত হলে তাদের কঠোর শাস্তির আওতায় আনা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দিপু মনি। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর আশকোনায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাকেন্দ্র পরিদর্শনশেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন তিনি। পরীক্ষা শুরুর আগ মুহূর্তে প্রেস ব্রিফিংয়ে শিক্ষামন্ত্রী বলেন, আশা করছি সারাদেশে শান্তিপূর্ণভাবে সব পরীক্ষা সম্পন্ন হবে। আমরা শিক্ষক, অভিভাবক ও পরীক্ষার্থী সবার কাছে পূর্ণসহযোগিতা আশা করছি। এ সময় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান নওফেল উপস্থিত ছিলেন। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.২,ক.৭), **ইনকিলাব** ( শেষ পৃ,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**৯। মানবসম্পদকে সঠিকভাবে কাজে লাগাতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, মানবসম্পদ আমাদের দেশের জন্য গুরুত্বপূর্ণ সম্পদ। এ সম্পদকে সঠিকভাবে কাজে লাগাতে না পারলে তা অভিশাপে পরিণত হবে। দেশের সুন্দর ভবিষ্যতের জন্য এবং দেশের উন্নয়নে তাদের মেধাকে কাজে লাগাতে প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষ করে গড়ে তুলতে সরকার আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) সিলেটে এমসি কলেজ অডিটোরিয়ামে ‘কলেজ পর্যায়ে উচ্চশিক্ষার মানোন্নয়নে প্রাতিষ্ঠানিক উন্নয়ন মঞ্জুরি’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন । সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.২)।

**১০। রিজার্ভের চুরি যাওয়া অর্থ উদ্ধারে বাংলাদেশ আশাবাদী : পরিকল্পনামন্ত্রী**

তিন বছর আগে হ্যাকিংয়ের মাধ্যমে নিউইয়র্ক ফেডারেল রিজার্ভ ব্যাংক থেকে বাংলাদেশের রিজার্ভের চুরি যাওয়া অর্থ উদ্ধারের ব্যাপারে বাংলাদেশ আশাবাদী বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। তিনি বলেন, মেগা প্রকল্প দ্রুত বাস্তবায়নে সমন্বয়সভা করব, প্রতি বিভাগে যাব, প্রয়োজনে জেলায় যাব। এখন গতি যেখানে আছে আমরা চাই গতি আরেকটু বাড়িয়ে দিতে। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) সুনামগঞ্জের সার্কিট হাউসে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন পরিকল্পনামন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**১১। নিরাপদ খাদ্য নিশ্চিত করতে হবে পরিবার থেকেই : খাদ্যমন্ত্রী**

নিরাপদ খাদ্যের জন্য সবার আগে নিজের বাড়িতে সচেতনতা তৈরি করতে হবে বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেন, শুধু ভেজাল মেশানোই নয়, দূষিত পরিবেশ থেকে খাদ্য অনিরাপদ হয়ে

থাকে। এটা ঠেকাতে সবাইকে নিজ নিজ জায়গা থেকে কাজ করতে হবে। নিরাপদ খাদ্য নিশ্চিত করা একটি বড় চ্যালেঞ্জ। এটি একটি যুদ্ধ। এটা একদিনে সম্ভব নয়। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) জাতীয় প্রেসক্লাবে জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

**১২। কর্ণফুলী নদীর দুই পাশে থাকা একটিও অবৈধ স্থাপনা থাকবে না : ভূমিমন্ত্রী**

কর্ণফুলী নদীর দুই পাশে থাকা সব অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে বলে জানিয়েছেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) কর্ণফুলীর দুই তীরের অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযানের প্রাকপ্রস্তুতি দেখতে সদরঘাট বিআইডব্লিউটিসি ঘাট এলাকা পরিদর্শনে গিয়ে এমন কথা জানান তিনি। মন্ত্রী আরও বলেন, আদালতের রায় আছে, সে অনুযায়ী কর্ণফুলী নদীকে দখলমুক্ত করা হবে। আগামীকাল থেকে উচ্ছেদ অভিযান শুরু হবে। অভিযানের জন্য ভূমি মন্ত্রণালয় ইতোমধ্যে বরাদ্দও দিয়েছে। কর্ণফুলীতে উচ্ছেদ অভিযান বন্ধের কোনো সুযোগ বা সম্ভাবনা নেই। হাইকোর্টের নির্দেশ অনুযায়ী আরএসমূলে এখানকার সব অবৈধ স্থাপনা সরানো হবে। প্রথম ধাপে অভিযান চালিয়ে ১০ একরের বেশি জায়গা দখলমুক্ত করা হবে। ধীরে ধীরে সব জোনে উচ্ছেদ অভিযান চালিয়ে অবৈধভাবে থাকা সব স্থাপনা উচ্ছেদ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১৩। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের চুরি যাওয়া অর্থের হদিস জানা আছে : গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের চুরি যাওয়া অর্থের একটি বড় অংশ ফিলিপাইনের কোথায় আছে সে ব্যাপারে তথ্য থাকার কথা জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির। গত ৩১ ডিসেম্বর বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের আদালতে যে মামলা হয়েছে, তাতে তিন বছর আগে রিজার্ভ চুরির আলোচিত ওই ঘটনায় জড়িত এবং সুবিধাভোগীদেরই আসামি করা হয়েছে বলে জানিয়েছেন গভর্নর ফজলে কবির। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) মিলনায়তনে এক পুরস্কার বিতরণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, মোট ৬৬ দশমিক ৫ মিলিয়ন (৬ কোটি ৬৫ লাখ) মার্কিন ডলার ক্ষতিপূরণ আদায়ে এ মামলা হয়েছে। গভর্নর ফজলে কবির বলেন, ফেডারেল রিজার্ভ ব্যাংক অভ্ নিউইয়র্ক আমাদের সঙ্গে অ্যাগ্রিমেন্ট করেছে মামলার প্রথম থেকে শুরু করে প্রতিটি ডলার উদ্ধার করা পর্যন্ত তারা আমাদের সঙ্গেই থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**১৪। গত এক দশকে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি ও প্রবৃদ্ধি ছিল অসাধারণ : ইইউ রাষ্ট্রদূত**

বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত রেন্সজে তেরিঙ্ক বলেছেন, গত এক দশক ধরে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি ও প্রবৃদ্ধি ছিল অসাধারণ। এ অগ্রগতি ও প্রবৃদ্ধি ধরে রাখা এবং ত্বরান্বিত করাই হবে নতুন সরকারের প্রকৃত চ্যালেঞ্জ। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের ভবিষ্যৎ সম্পর্ক নিয়ে আয়োজিত এক সংলাপে তিনি এ কথা বলেন। কসমস ফাউন্ডেশন আয়োজিত সংলাপে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র সচিব এম শহীদুল হক। রাষ্ট্রদূত তেরিঙ্ক বলেন, বাংলাদেশের গল্প হলো সফলতার গল্প। তবে অর্থনৈতিক অগ্রগতি অব্যাহত রাখার জন্য বিদেশি ও স্থানীয় বিনিয়োগ জরুরি। রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে পণ্যে বৈচিত্র্যও আনতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**১৫। ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে পাঁচজনের মনোনয়ন বৈধ**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র পদে উপনির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী আতিকুল ইসলামসহ পাঁচজনের মনোনয়নপত্র বৈধ ঘোষিত হয়েছে। তবে জাতীয় পার্টি (জাপা) মনোনীত মেয়র প্রার্থী ব্যান্ডশিল্পী শাফিন আহমদের মনোনয়নপত্র বাতিল করা হয়েছে ঋণখেলাপের দায়ে। গতকাল (২ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনে রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে মনোনয়নপত্র বাছাই

=৫=

প্রক্রিয়া সম্পন্ন হয়। এ সময় ঋণখেলাপের দায়ে ওয়ার্ড কাউন্সিলর পদে ছয় প্রার্থীর মনোনয়নপত্রও বাতিল করেছেন রিটার্নিং কর্মকর্তা। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

**১৬। পঞ্চম উপজেলা নির্বাচনের প্রথম ধাপের তফসিল ঘোষণা আজ, ভোট আগামী ১০ মার্চ**

পঞ্চম উপজেলা নির্বাচনের প্রথম ধাপের তফসিল ঘোষণা আজ করা হবে (৩ ফেব্রুয়ারি রোববার)। এ লক্ষ্যে বিকেল ৩টায় প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদার সভাপতিত্বে কমিশন সভা আহ্বান করা হয়েছে। এ সভায় উপজেলা নির্বাচনের বিস্তারিত তফসিল অনুমোদন হওয়ার কথা রয়েছে। ইসি সচিব হেলালুদ্দীন আহমদ এর মধ্যে জানিয়েছেন, উপজেলা নির্বাচন পাঁচ ধাপে আয়োজনের পরিকল্পনা রয়েছে ইসি'র। ইসি কার্যালয় জানিয়েছে, আজকের সভার কার্যপত্রে ১০ মার্চ প্রথম ধাপের ভোট আয়োজনের প্রস্তাব রাখা হয়েছে। এ ধাপে অন্তত **১১০টি** উপজেলার তফসিল ঘোষণা হতে পারে। এছাড়া অন্য চার ধাপের তফসিলের দিনক্ষণও আজ চূড়ান্ত করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১),**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

- **ক.** **ইত্তেফাক :** যুক্তরাষ্ট্র সরকারের একটি প্রকল্পের আওতায় ঢাকায় মার্কিন দূতাবাস অত্যাধুনিক প্রযুক্তির সহায়তায় ঢাকার বাতাসে দূষণ ও বিপদের মাত্রা নির্ণয়ের উদ্যোগ নিলে তাতে দেখা যায় ঢাকার বাতাস অতিমাত্রায় অস্বাস্থ্যকর ও বিপদজনক উল্লেখ করে বায়ুদূষণ প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।
- **খ.** **সমকাল :** এখনও বিচারাধীন সাড়ে তিন লাখ মাদকের মামলার নিষ্পত্তি হয়নি এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে মাদকবিরোধী অভিযানের পাশাপাশি মামলাগুলো দ্রুত শেষ করার সুপারিশ।
- **গ.** **যুগান্তর, বণিকবার্তা, যায়যায়দিন :** বৈদেশিক মুদ্রার রিজার্ভ চুরির ঘটনায় যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের আদালতে বাংলাদেশ ব্যাংকের মামলা দায়েরের বিষয়টি ইতিবাচক উল্লেখ করে এ মামলার মধ্য দিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভ সিস্টেমসের নিউইয়র্ক শাখায় থাকা বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে চুরি যাওয়া অর্থ ফেরত পাওয়ার পথ সুগম হবে বলে প্রত্যাশা ব্যক্ত।
- **ঘ.** **ইনকিলাব :** বুড়িগঙ্গা নদী দখল করে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম চলছে উল্লেখ করে উদ্ধারকৃত জায়গা স্থায়ীভাবে সংরক্ষণের ওপর গুরুত্বারোপ।
- **ঙ.** **যায়যায়দিন :** নানা কারণে দেশে আত্মহত্যার প্রবণতা ক্রমেই বাড়ছে উল্লেখ করে এ ব্যাপারে সামাজিক সচেতনতা বৃদ্ধির আহ্বান।
- **চ.** **নিউজ টুডে :** প্রশ্নপত্র ফাঁসরোধে এসএসসি পরীক্ষা চলাকালে কোচিং সেন্টারগুলো বন্ধ রাখার সিদ্ধান্তে সন্তোষ প্রকাশ করে স্থায়ীভাবে শিক্ষকদের প্রাইভেট টিউশনি ও কোচিং সেন্টারগুলো বন্ধের দাবি।
- **ছ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশকে তথ্য-প্রযুক্তি খাতে এগিয়ে নিতে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে বিজ্ঞান শিক্ষায় জোর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'তরুণরাই পারে দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়তে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দুর্নীতিমুক্ত সোনার বাংলা গড়তে বাংলাদেশে গণপ্রতিবাদ প্রয়োজন।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা